যুগান্তর

তারিখ 0 8 DEC 2006
পৃষ্ঠা ১৫ কলাম ২

### আট দফা বাস্তবায়নে

# জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের আলটিমেটাম

যুগান্তর রিপোর্ট

জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট আট দফা দাবি বাস্তবায়নের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধান উপদেষ্টাকে চারদিনের আলটিমেটাম দিয়েছে। বৃহস্পতিবার জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এ আলটিমেটাম দেয়া হয়। ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ এ কথা জানান। এ সময় শিক্ষক নেতা মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ মোঃ শাজাহান, অধ্যাপক আসাদুল হক, অধ্যক্ষ এমএ সাত্তার, এসএমএ জলিল, অধ্যক্ষ মোহাম্মদ আলী চৌধুরী মানিক, বিলকিস জামান, এম আরজু উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে ঘোষিত সময়ের মধ্যে দাবি পূরণের আহ্বান জানানো হয়। অন্যথায় কঠোর আন্দোলনের কর্মসূচি দেয়ার ঘোষণা দেয়া হয়। সংবাদ সম্মেলনে জোট সরকারের আমলের শিক্ষক নির্যাতনকারী হিসেবে ২৯ জন সাবেক এমপি ও বিভিন্ন সংস্থার প্রধানের নাম প্রকাশ করা হয়।

ফ্রন্টের ঘোষিত কর্মসূচির মধ্যে রয়েছে— ১২ ডিসেম্বর জেলা সদরে মানববন্ধন, ১৯ ডিসেম্বর জাতীয় প্রতিনিধি সভা ও শিক্ষা ভবন ঘেরাও। প্রতিনিধি সভা থেকে শিক্ষক-কর্মচারী মহাসমাবেশ ও আন্তর্জাতিক কনভেনশনের তারিখ ঘোষণা করা হবে। সম্মেলনে আরও জানানো হয়, জোট সরকারের সময়ে অন্যায় ও অবৈধভাবে, ২ হাজার শিক্ষক-কর্মচারীতে চাকরিচ্যুত করা হয়েছে। স্কেল-বঞ্চিত শিক্ষকের সংখ্যা ২৪ হাজার, এমপিও-বঞ্চিত শিক্ষকসংখ্যা প্রায় ৮০ হাজার, স্পট পেমেন্ট আদেশে বেতন বন্ধ রয়েছে ৩ হাজার ১৮২ জন শিক্ষকের। বিভিন্নভাবে শিক্ষকদের নামে মিথ্যা মামলা দেয়া হয়েছে প্রায় ৮ হাজার।